প্রশ্নঃ ৪৪৩. কোন সময়টুকুকে তাকবীরে উলার সাথে নামাজ পড়া বলা হয়?

তাকবীরে উলার ফযীলত পেতে হলে ইমাম আবূ হানীফা রহঃ এর মতে ইমামের তাকবীরে তাহরীমার সাথে সাথেই মুক্তাদীর তাকবীরে তাহরীমা বলতে হবে।

তবে ইমাম সাহাবাইন রহঃ এর মতামত হলো যে, ইমামের তাকবীরে তাহরীমার পরও যদি মুক্তাদী শরীক হয় তবুও তাকবীরে উলার ফযীলত পাবে।

পরে শরীক হলে কতক্ষণ পর্যন্ত তাকবীরে উলার সওয়াব পাবার সুযোগ আছে? এ বিষয়ে চারটি মতামত আছে। যথা-

১ ইমাম সাহেব ছানা শেষ করা পর্যন্ত শরীক হলে।

২ ইমাম সাহেব সূরা ফাতিহা অর্ধেক পড়া পর্যন্ত শরীক হলে।

৩ ইমাম সাহেবের পুরো সূরা ফাতিহা পড়া পর্যন্ত শরীক হলে।

৪ ইমাম সাহেব রুকুতে যাবার আগ পর্যন্ত।

এর মাঝে তৃতীয় কওলটি বেশি গ্রহণীয়। তবে চতুর্থ কওলের মাঝে প্রশস্ততা আছে।

সুতরাং তাকবীরে উলার ফযীলত পেতে হলে মুক্তাদীর উচিত সর্বোচ্চ আগে মসজিদে আসার চেষ্টা করা। বাকি রুকুর আগে ইমামকে পেলেও আমরা আল্লাহর কাছে তাকবীরে উলা পাবার আশা করতে পারি।

ফতোয়ায়ে শামি-২/২৪০-২৪১

অনলাইনে দেখার জন্য স্ক্যান করুন:

MUSLIMDM